ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৮৪
আগরতলা, ৭ মে, ২০২৫

**বিশ্ব রেডক্রস দিবসে রাজ্যপাল**
**রক্তদান মানবতার এক নিদর্শন ও যৌথ সহানুভূতির প্রতীক**



বিশ্ব রেডক্রস দিবস ২০২৫ উপলক্ষে আজ রেডক্রস সোসাইটির ত্রিপুরা রাজ্য শাখার আগরতলাস্থিত কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিশ্ব রেডক্রস দিবস ২০২৫ এবং রক্তদান শিবিরের উদ্বোধন করেন। এবারের দিবসটির ভাবনা 'কিপিং হিউম্যানিটি অ্যালাইভ'। উল্লেখ্য, রাজ্যপাল রেডক্রস সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার সভাপতি।

অনুষ্ঠানে এই দিবস পালনের তাৎপর্য বিশ্লেষণ করতে গিয়ে রাজ্যপাল বলেন, রক্তদান মানবতার এক নিদর্শন ও যৌথ সহানুভূতির প্রতীক। প্রতিটি রক্তের ফোঁটা এক একটি জীবন রেখা, যা আমাদেরকে মানবতার বন্ধনে আবদ্ধ করে। রাজ্যপাল রাজ্যবাসীকে আরও বেশি করে রক্তদানে এগিয়ে আসার জন্য অনুষ্ঠানে আহ্বান জানান। তিনি আরও বলেন, চিকিৎসক, স্বেচ্ছাসেবক সহ রেডক্রস সোসাইটির প্রত্যেকটি সদস্যের সমাজের প্রতি দায়িত্ব পালন অনেকটা চোখের আড়ালেই থেকে যায়। তিনি বলেন, বিপর্যয় মোকাবিলা থেকে স্বাস্থ্য সেবার উদ্যোগ পর্যন্ত বাস্তবায়ণে রেডক্রস মিশন গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রেডক্রস সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার সম্পাদক চন্দন দেবনাথ এবং ধন্যবাদসূচক বক্তব্য রাখেন সহ সভাপতি পরমানন্দ সরকার ব্যানার্জি। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

******